দৈনিক
ইনকিলাব

তারিখ ... 16 FEB 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭

এসএসসি ও দাখিল পরীক্ষায় প্রথম দিনে বহিষ্কার ৮৪ : অনুপস্থিত ৫৭৮০

স্টাফ রিপোর্টার

প্রায় নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে গতকাল থেকে সারাদেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হয়েছে। প্রথম দিনে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজি প্রথমপত্র, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে বাংলা দ্বিতীয়পত্র এবং মাদ্রাসা বোর্ডের দাখিলে কোরআন মাজিদ ও তাজবীদ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১০টি শিক্ষা বোর্ডে প্রথম দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে পৃ ঃ ২ ক ঃ ২



প্রতিবন্ধকতা রুখতে পারেনি ওদের। শিক্ষা অর্জনের অদম্য বাসনায় নরসিংদীর মনোহরদীর জন্ম থেকে প্রতিবন্ধী আমিনুর ইসলাম পা দিয়ে পরীক্ষা দিচ্ছে (বামে)। বগুড়ার বুনট বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে আরেক প্রতিবন্ধী আমিনুর রহমান মুখ দিয়ে লিখেই এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে -বাংলার চোখ ডটকম ও ফোকাস বাংলা

এসএসসি ও দাখিল পরীক্ষায়

প্রথম পৃষ্ঠার পর

৭৯ জন পরীক্ষার্থী। এছাড়া ৫ জন শিক্ষক বহিষ্কার হয়েছেন। ১০ বোর্ডে অনুপস্থিত ছিল ৫ হাজার ৭৮০ জন শিক্ষার্থী।

এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ২৭ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৭ জন শিক্ষার্থী ও ১ জন শিক্ষক। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় প্রথম দিনে বহিষ্কার হয়েছে ৪৩ জন পরীক্ষার্থী।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী, গতকাল ১০টি বোর্ডে অনুপস্থিত ছিল ৫ হাজার ৭৮০ জন শিক্ষার্থী। এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৭২০ জন, রাজশাহীতে ৪৬৭, যশোরে ৪১২, বরিশালে ২০৯, সিলেটে ১১৫, কুমিল্লায় ৩০৪, চট্টগ্রামে ২০২ এবং দিনাজপুরে ৩৫৫ জন। মাদ্রাসা বোর্ডের দাখিলে ২ হাজার ৪৯৪ জন এবং এসএসসি ভোকেশনালে ৫০২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ৪ জন, রাজশাহীতে ২ জন, যশোরে ১ জন, বরিশালে ৫ জন, সিলেটে ১ জন, কুমিল্লায় ৩ জন, চট্টগ্রামে ৫ জন এবং দিনাজপুরে ৮ জন। দাখিলে বহিষ্কৃত হয়েছে ৭ জন এবং এসএসসি ভোকেশনালে ৪৩ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এদিকে শিক্ষক বহিষ্কার হয়েছে ঢাকা বোর্ডে ১ জন, যশোর বোর্ডে ২ জন, দিনাজপুর বোর্ডে ১ জন এবং মাদ্রাসা বোর্ডে ১ জন।

গতকাল পরীক্ষার প্রথম দিনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ঢাকা মহানগরীর ৫টি পরীক্ষা কেন্দ্র সরেজমিন পরিদর্শন করেছেন। এ সময় শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (মাধ্যমিক) মোঃ মোহেব্বেদীন আহমেদ, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর শামসুল হক, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ ইউসুফ, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. নিতাই চন্দ্র সূত্রধরসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মন্ত্রী এ সময় হল পরিদর্শক, শিক্ষক, কেন্দ্র কর্মকর্তা ও অভিভাবকদের সাথে পরীক্ষার বিষয়ে আলাপ করেন। তারা মন্ত্রীকে অবহিত করেন, সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। মন্ত্রী এতে সন্তোষ প্রকাশ করেন। তিনি সাংবাদিকদের সাথে আলাপকালে বলেন, সরকার সারা দেশে সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের সব ব্যবস্থা গ্রহণ করেছে। আজকের এ পরিবেশ অব্যাহত রাখা হবে। তিনি মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুরের ভাসেরিয়া তৈয়্যেবিয়া কামিল মাদ্রাসা, মিরপুরস্থ বাংলাদেশ-কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও ধানমন্ডি গভঃ বয়েজ হাইস্কুল কেন্দ্র পরিদর্শন করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর আটটি সাধারণ শিক্ষা বোর্ড, একটি কারিগরি বোর্ড এবং একটি মাদ্রাসা বোর্ডের অধীনে ২৬ হাজার ২৩৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ৬৩ হাজার ৪৮৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে মোট ৮ লাখ ১ হাজার ৭০৯ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে, যার মধ্যে ৪ লাখ ৫ হাজার ৬২০ ছাত্র এবং ৩ লাখ ৯৬ হাজার ৮৯ ছাত্রী। এসএসসির মোট পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৮৩ হাজার ৩৩১ জন বিজ্ঞানে, ৩ লাখ ৪৭ হাজার ১৫৩ জন মানবিকে এবং ২ লাখ ৭১ হাজার ২২৪ জন পরীক্ষার্থী সমমান শিক্ষা (বাণিজ্য) শাখা [illegible] বোর্ডের দাখিল পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৮৬ হাজার ৭১৮ জন, যার মধ্যে ১ লাখ ১ হাজার ৮৮ জন ছাত্র এবং ৮৫ হাজার ৬৩০ জন ছাত্রী। এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৭৫ হাজার ৫৭ জন। তাদের মধ্যে ৫১ হাজার ৭৩৬ জন ছাত্র এবং ২৩ হাজার ৩২১ জন ছাত্রী। এবার ঢাকা বোর্ডের আওতায় বিদেশে মোট ৭টি কেন্দ্র থেকে ২৫৪ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ইংরেজি প্রথমপত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন পরীক্ষার্থী ও ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৭২০ জন শিক্ষার্থী।

চবি রিপোর্টার ঃ চট্টগ্রামে শান্তিপূর্ণ পরিবেশে এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষা শুরু হয়েছে। এসএসসিতে চট্টগ্রাম বোর্ডে অনুপস্থিত ছিল ২০২ জন। এদের মধ্যে চট্টগ্রাম জেলায় ১৫১, কক্সবাজার জেলায় ২৫ জন, রাঙ্গামাটিতে ১৪ জন, খাগড়াছড়িতে ২ জন এবং বান্দরবানে ১০ জন। নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে ৫ জনকে। এর মধ্যে খাগড়াছড়ি জেলায় একজন ও বান্দরবানে চার জন। নগরীর ২৩টি এবং জেলার ৬৭টি এসএসসি পরীক্ষা কেন্দ্রের পরিবেশ ছিল ভাল। তবে কোথাও কোথাও লোডশেডিংয়ের কারণে পরীক্ষার্থীদের আলোর স্বল্পতা মোকাবেলা করতে হয়েছে। বানজটের ভয়ে নগরীর কেন্দ্রগুলোতে পরীক্ষার্থীরা পরীক্ষা শুরুর আগেই পৌঁছে যায়। তবে পরীক্ষা শেষে বাসায় ফিরতে গিয়ে পরীক্ষার্থী ও অভিভাবকদের দুর্ভোগ পোহাতে। বানজটের পাশাপাশি পরিবহন স্বল্পতায় অনেককে পায়ে হেঁটে বাসায় ফিরতে হয়। ফোলশহর কেন্দ্রের সচিব জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলীয়ার প্রিন্সিপাল মাওলানা মুহাম্মদ জালালুদ্দীন আলহাদদী জানান, ওই কেন্দ্রে ১৫৯ জন পরীক্ষার্থীর ১৫৭ জন উপস্থিত ছিল। কোন বহিষ্কারের ঘটনা ঘটেনি। নগরীর দাখিল ও ভোকেশনাল পরীক্ষার অন্যান্য কেন্দ্রের পরিবেশ ছিল ভাল।

রাজশাহী অফিস ঃ রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন কোনো কেন্দ্রে অপ্রীতিকর ঘটনা ঘটেনি। শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণ অনুষ্ঠিত হয়। প্রথম দিন মাত্র ২ ছাত্র অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়। এদের একজনকে রাজশাহীর দামকুড়াহাট কেন্দ্র এবং অপরজনকে নওগাঁর পোরশা কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়।

সিলেট অফিস ঃ সিলেট শিক্ষা বোর্ডের অধীনে রুকিণগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এক পরীক্ষার্থী বহিষ্কারের ঘটনা ঘটে। এছাড়া প্রথম দিন ইংরেজি প্রথম পত্র পরীক্ষায় ১১৫ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, মোট ৫৫টি কেন্দ্রে নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্ন হয়েছে। এছাড়া পরীক্ষা চলাকালে পর্যবেক্ষণের জন্য ৬৭টি ভিজিলেন্স টিম দায়িত্ব পালন করছে।

প্রসঙ্গত, এবার সিলেট শিক্ষা বোর্ডের অধীনে রেকর্ড ৩৫ হাজার ৭১৯ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে সিলেট জেলায় ১৫ হাজার ৯২২ জন, হবিগঞ্জ জেলায় ৭ হাজার ১১১ জন, মৌলভীবাজার জেলায় ৭ হাজার ৬৯৭ জন এবং সুনামগঞ্জ জেলায় ৬ হাজার ৮১৪ জন পরীক্ষায় অংশ নিচ্ছে।

যশোর ব্যুরো ঃ প্রথম দিনে যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন ১২৭ কেন্দ্রের কোথাও নকলের খবর পাওয়া যায়নি। তবে মাগুরার শালিখা উপজেলার আড়পাড়া কেন্দ্রের ১ জন পরীক্ষার্থীর খাতা না পাওয়ায় তাকে বহিষ্কার করা হয়েছে। তার নাম আরবিনা। রোল ২৭৪৩৭৬। ওই কেন্দ্রের কক্ষ পরিদর্শক শিক্ষক মনি মোমন ও বকুল মন্ডলকে বহিষ্কার করা হয়েছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আমিরুল আলম খান জানান, সবখানেই সুষ্ঠুভাবে পরীক্ষা হয়েছে।

নগরকান্দা (ফরিদপুর) উপজেলা সংবাদদাতা ঃ নগরকান্দা কেন্দ্রে অসদুপায় অবলম্বন করার দায়ে ৫ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এ কেন্দ্রে সর্বমোট ১৭৫৩ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে।

গাইবান্ধা জেলা সংবাদদাতা ঃ গতকাল গাইবান্ধার সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারী বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ২ জনকে বহিষ্কার করা হয়েছে। এবারের এসএসসি পরীক্ষায় জেলায় ২৭টি পরীক্ষা কেন্দ্রে ১৪ হাজার ৮৪৩ জন ছাত্রছাত্রী অংশ নেয়। এর মধ্যে এসএসসিতে ১১ হাজার ১৫৮ জন, মাদ্রাসায় ২ হাজার ৪৮০ জন ও কারিগরিতে ১ হাজার ২০৫ জন।

ধামরাই (ঢাকা) উপজেলা সংবাদদাতা ঃ ধামরাইয়ে এসএসসি পরীক্ষা কেন্দ্রে গতকাল সাংবাদিকদের প্রবেশ এবং ছবি তুলতে দেয়া হয়নি। ধামরাইয়ের জালুম আতাউর রহমান খান স্কুল ও কলেজ কেন্দ্রে নকল সরবরাহের সময় ৩ জনকে আটক করলেও পরে তাদের ছেড়ে দেয়া হয়েছে।

দিনাজপুর অফিস ঃ নব প্রতিষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনাজপুরের অধীনে প্রথমবারের এসএসসি পরীক্ষার প্রথমদিন গতকাল রোববার অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে অতিবাহিত হয়েছে। পরীক্ষার প্রথম দিনে গতকাল বোর্ডের অধীনস্থ দিনাজপুর ও রংপুর অঞ্চলের ৮টি জেলার মধ্যে ৬ জেলায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৮ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রংপুরে ১, গাইবান্ধায় ২, নীলফামারীতে ১, কুড়িগ্রামে ২, লালমনিরহাটে ১ ও ঠাকুরগাঁও জেলায় ১জনকে বহিষ্কার করা হয়েছে। লালমনিরহাটে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। উল্লেখ্য যে, এবারের এসএসসি পরীক্ষায় নবপ্রতিষ্ঠিত দিনাজপুর শিক্ষাবোর্ডের অধীনে ২ হাজার ৩শ' ২৭টি [illegible] ৯২টি কেন্দ্রে মোট ১ লাখ দুই হাজার ৬৮৭ জন পরীক্ষার্থী রেজিস্ট্রেশন করেছিল। এর মধ্যে গতকাল ইংরেজী প্রথমপত্রে ৯৪ হাজার ১২৭ জন পরীক্ষার্থী পরীক্ষার্থীদের মধ্যে সর্বমোট ৯৩ হাজার ৭৭২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে। অনুপস্থিত ছিল ৩৫৫ জন।

বগুড়া (কুমিল্লা) উপজেলা সংবাদদাতা ঃ উপজেলার আড়ডা উচ্চ বিদ্যালয়ের কেন্দ্র এসএসসি পরীক্ষায় ইংরেজী ১ম পত্র পরীক্ষা চলাকালীন সময়ে দায়িত্বে অবহেলার কারণে ৪ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। তারা হলেন জাহাঙ্গীর আলম, নরীন্দ্রপুর উচ্চ বিদ্যালয়, আবু ইউছুফ, মোশারফ হোসেন, ছোট তুলাগাঁও উচ্চ বিদ্যালয়, অহিদুল ইসলাম, পিলগিরি উচ্চ বিদ্যালয়।

গোবিন্দগঞ্জ (গাইবান্ধা) উপজেলা সংবাদদাতা জানান, রাজশাহী বিভাগীয় কমিশনার মোঃ হাফিজুর রহমান খুঁঞা গতকাল গাইবান্ধার গোবিন্দগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয় এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। গোবিন্দগঞ্জ উপজেলা চেয়ারম্যান অধ্যক্ষ আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুল মান্নান, পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র আওলাদ হোসেন মেন্টা মানিক, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, থানার ওসি এস এম শিবলী নোমান শিশিএম, উত্তরাঞ্চল ফেডারেশন সাংবাদিক পরিষদের মহাসচিব কৃষ্ণ কুমার চাকী, গোবিন্দগঞ্জ প্রেসক্লাব সভাপতি জাহিদুর রহমান প্রধান টুকু, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ নাজমুল ইসলামসহ পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এ সময় উপস্থিত ছিলেন।

প্রথম আধঘন্টা পরীক্ষা দিতে পারল না বদরগঞ্জের ৫০ পরীক্ষার্থী

বদরগঞ্জ (রংপুর) উপজেলা সংবাদদাতা ঃ এসএসসি পরীক্ষার প্রথম দিনে আসন বিন্যাসে ভুলের কারণে আধঘন্টা পরীক্ষা দিতে পারেনি ৫০ পরীক্ষার্থী। ঘটনাটি ঘটেছে বদরগঞ্জ উপজেলা হাইস্কুল কেন্দ্রে। পরীক্ষার হলে আসন না পেয়ে কান্নাকাটি শুরু করে দেয় ওই পরীক্ষার্থীরা। কোথাও আসন না পেয়ে কর্তৃপক্ষ ওয়েজেইয়া প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষে তাদের বসার ব্যবস্থা করেন। পরীক্ষা চলাকালীন তাদের টানাহেঁচড়ার কারণে তাদের পরীক্ষা ভালো হয়নি বলে অভিযোগ করেছেন ক্ষতিগ্রস্ত পরীক্ষার্থী।

আমজল বাড়ী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থী শাহ জালাল (রোল- ৫৫৩৭৫৫) জানান, আসন বিন্যাসে তার রোল না থাকায় আধঘন্টা নষ্ট হয়েছে তার। পরীক্ষার দায়িত্বে নিয়োজিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জহুরুল হকের সত্যতা স্বীকার করে বলেন, প্রথম দিন হওয়ায় একটু অসুবিধা হয়েছিল।